

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৯০৬

তারিখ: ২৯ কার্তিক ১৪২৬

১৪ নভেম্বর ২০১৯

বিষয়: খুলনা বিভাগে ভিজিডি ও জিআরসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের জন্য বোরো'১৯ আতপ চালের চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর ১৩/১১/২০১৯ খ্রিঃ তারিখের ১৩.০৫.০০০০.০০৮.৫০.০০১.১৯-৩৩০৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে, সাতক্ষীরা জেলায় নভেম্বর'১৯ মাসের জন্য ভিজিডি ও জিআরসহ অন্যান্য খাতে বিতরণের জন্য চালের চাহিদা প্রেরণ করা হয়েছে। অন্যদিকে যশোর ও কুষ্টিয়া জেলায় বোরো'১৯ মৌসুমে সংগৃহীত ২৭৪ মে.টন আতপ চাল অন্যত্র সরানোর প্রস্তাবের প্রেক্ষিতে বোরো'১৯ আতপ চালের চলাচল সূচির পূর্বানুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

সারণি-১ : খুলনা বিভাগে আতপ চলাচল সূচির পূর্বানুমোদন এর প্রস্তাব

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র		প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র		পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	যশোর	যশোর সদর	এলএসডি	সাতক্ষীরা	বসন্তপুর	এলএসডি	৯৯	সংগৃহীত বোরো'১৯ আতপ চাল	সড়ক	
২.	কুষ্টিয়া	দৌলতপুর	"	ঐ	নওয়াবেকী	"	১৭৫	ঐ	ঐ	
					মোট =		২৭৪			

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এর প্রস্তাবমতে সাতক্ষীরা জেলায় নভেম্বর'১৯ মাসের ভিজিডি ও জিআরসহ অন্যান্য খাতে বিতরণ এবং যশোর ও কুষ্টিয়া জেলায় সংগৃহীত বোরো'১৯ আতপ চাল সরানোর প্রস্তাবের প্রেক্ষিতে ২৭৪ মে.টন বোরো'১৯ আতপ চাল ডিআরটিসির মাধ্যমে স্থানান্তরের পূর্বানুমোদনের প্রস্তাব অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

অনুসরণীয় নির্দেশনাঃ


(১) পূর্বানুমোদনের আওতায় আতপ চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে।

(২) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি.

তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-২৬৫ নং পরিপত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৩) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকে নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলারকর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেম্পিলের স্পষ্ট ছাপ দেওয়ার জন্য অনুসরণ করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৪-১১-২০১৯

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৯০৬/১(৯)

তারিখ: ২৯ কার্তিক ১৪২৬

১৪ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, সাতক্ষীরা।
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুষ্টিয়া
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, যশোর



১৪-১১-২০১৯

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক